

রসায়নে নয়া ফর্মুলা অরিজিভের

আগরতলা, ৬ মার্চ : রসায়নে আরও একটি নতুন ফর্মুলা আবিষ্কার করলেন ধর্মনগর সরকারী মহাবিদ্যালয়ের প্রধান ড: অরিজিৎ দাস। আনবিক তত্ত্বচিত্র ছাড়া, অণু, আয়ন এবং আণ্বিক মূলকের বন্ধনক্রম বের করার জন্য কাজে লাগবে তার এই নয়া ফর্মুলা। তার এই আবিষ্কার প্রকাশিত হয়েছে কেমিস্ট্রি টুডে নামক রসায়ন গবেষণা গ্রন্থে। যা দিল্লী থেকে প্রকাশিত হয়। তার এই আবিষ্কারের স্বীকৃতি মিলেছে দেশের নয়টি বিশ্ববিদ্যালয়— কলকাতা, যাদবপুর, বর্ধমান, হায়দ্রাবাদ, আসামানিয়া, ইণ্ডিয়ান ইনস্টিটিউট অব সায়েন্স (ব্যাঙ্গালোর), নর্থ ইস্টার্ন হিল ইউনিভারসিটি, কল্যাণী ইউনিভারসিটি এবং ত্রিপুরা বিশ্ববিদ্যালয়ের কাছ থেকে। চারটি আই টি আইও তার আবিষ্কারের স্বীকৃতি জানিয়েছে। ড: দাসের আবিষ্কৃত এই তিনটি ফর্মুলা ব্যবহারের ফলে ছাত্রছাত্রীদের পরীক্ষার ক্ষেত্রে পনের থেকে কুড়ি মিনিট সময় সঞ্চয় হবে বলে এক বিবৃতিতে জানিয়েছেন আবিষ্কর্তা।